



# জনসংযোগ অফিস বরিশাল বিশ্ববিদ্যালয়

কর্ণকাঠী, বরিশাল সদর, বরিশাল-৮২০০

ফোনঃ ০৪৩১-৬১২১২-১৩৫০(এক্স) মোবাঃ ০১৭১১-০০১৯০৫ E-mail: b.university.pro@gmail.com, Web: barisaluniv.edu.bd



প্রেস রিলিজ

তারিখঃ ০৫/০৯/২০১৯ খ্রি:

বরিশাল বিশ্ববিদ্যালয়ে

“রোহিঙ্গা সংকট: ঐতিহাসিক শেকড় সন্ধান ও সমকালীন বাস্তবতা” শীর্ষক সেমিনার অনুষ্ঠিত

বরিশাল বিশ্ববিদ্যালয়ে অনুষ্ঠিত হয়েছে “রোহিঙ্গা সংকট: ঐতিহাসিক শেকড় সন্ধান ও সমকালীন বাস্তবতা” শীর্ষক সেমিনার। বিশ্ববিদ্যালয়ের ইতিহাস ও সভ্যতা বিভাগের উদ্যোগে ০৫ সেপ্টেম্বর সকাল ১১ টায় বিশ্ববিদ্যালয়ের জীবনানন্দ দাশ কনফারেন্স কমপ্লেক্সে এ সেমিনারের আয়োজন করা হয়। ববির ইতিহাস ও সভ্যতা বিভাগের চেয়ারম্যান অধ্যাপক ড. মোহাম্মদ আবদুল বাতেন চৌধুরীর সভাপতিত্বে আয়োজিত সেমিনারে প্রধান অতিথি ছিলেন বরিশাল বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্য (দায়িত্বপ্রাপ্ত) অধ্যাপক ড. এ কে এম মাহবুব হাসান। সেমিনারে মূল প্রবন্ধ উপস্থাপন করেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের ইতিহাস বিভাগের শিক্ষক ও জন-ইতিহাস চর্চা কেন্দ্রের সভাপতি অধ্যাপক ড. মেসবাহ কামাল। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের কলা ও মানবিক অনুষদের ডিন এবং ইংরেজি বিভাগের চেয়ারম্যান অধ্যাপক ড. মোঃ মুহসিন উদ্দীন। এসময় বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন বিভাগের চেয়ারম্যানবৃন্দ, শিক্ষকমন্ডলীসহ শিক্ষার্থীরা উপস্থিত ছিলেন। সেমিনারে রোহিঙ্গা সংকট নিয়ে মৃত্তিকা কামাল নির্মিত “Escape” এবং “Home Away from Home” ও উজান রহমান নির্মিত “Arson, Rape, Brutal Murders” ডকুমেন্টারিসমূহ প্রদর্শন করা হয়। অনুষ্ঠানটি সঞ্চালনা করেন বিশ্ববিদ্যালয়ের ইতিহাস ও সভ্যতা বিভাগের প্রভাষক সুরাইয়া আক্তার।

কর্তৃপক্ষের নির্দেশক্রমে

জনসংযোগ অফিস  
বরিশাল বিশ্ববিদ্যালয়